

প্রাথমিক সমাপনীর প্রশ্ন ফাঁসের প্রমাণ মিলেছে

■ সমকাল প্রতিবেদক

গত তরুবার শেষ হয়ে যাওয়া প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের প্রমাণ পেয়েছে উদত্ত কমিটি। গতকাল রোববার উদত্ত কমিটির প্রতিবেদন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিবের কাছে জমা দেওয়া হয়েছে।

উদত্ত কমিটির প্রধান ও মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব এসএম আশরাফুল ইসলাম প্রতিবেদন জমা দেওয়ার কথা স্বীকার করেছেন।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় জানায়, প্রশ্নপত্র ফাঁসের ঘটনাটি সন্দেহাতীতভাবে প্রমাণিত হলেও এরই মধ্যে শেষ হয়ে যাওয়া পরীক্ষা বাতিল করা হচ্ছে না।

কারণ এতে শতক শ্রেণীপড়ুয়া প্রায় ৩০ লাখ শিশু শান্তির শিকার হবে। তাদের ফের পরীক্ষায় বসিয়ে শান্তি দেওয়া হলে তা তাদের প্রতি অবিচার করা হবে বলে সরকার মনে করছে।

অতিরিক্ত সচিব এসএম আশরাফুল ইসলাম বলেন, এবারের প্রাথমিক সমাপনীর বাংলা-বিষয়ের ৫৩ শতাংশ এবং ইংরেজির ৮০ শতাংশ প্রশ্ন ফাঁস হয়েছে বলে তাদের তদন্তে প্রমাণ মিলেছে।

প্রাথমিক সমাপনী পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ উদত্তে গত ২৩ নভেম্বর আশরাফুল ইসলামকে আহ্বায়ক করে তিন সদস্যের কমিটি গঠন করে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।